

প্রেস বিজ্ঞপ্তি

ইউনেস্কোর নির্বাহী বোর্ডের সভায় জনপ্রশাসন সচিব

এসডিজি অর্জনে বিশ্ব সম্প্রদায়ের সহযোগিতার আহবান


প্যারিস, ১৩/১০/২০১৫:

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে বিশ্ব সম্প্রদায়ের সহযোগিতার হাত সম্প্রসারণের আহবান জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী। গতকাল ফ্রান্সের প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে অনুষ্ঠিত ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ১৯৭তম অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধি হিসেবে তিনি এ আহবান জানান।

ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ভাইস-চেয়ারম্যান ড. কামাল আবদুল নাসের চৌধুরী তাঁর বক্তৃতায় উল্লেখ করেন, বাংলাদেশের সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও দারিদ্র বিমোচন, শিশু মৃত্যুর হার হ্রাস, মাতৃস্বাস্থ্যের উন্নয়নসহ অধিকাংশ সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে সরকার সফল হয়েছে।

ড. চৌধুরী এসডিজি অর্জনে জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিভিন্ন সমস্যা মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকারের বিষয় উল্লেখ করে বলেন, এ বিষয়ে সরকারের বিনিয়োগ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হওয়ায় প্রধানমন্ত্রীকে চ্যাম্পিয়নস্ অভ্ দি আর্থ পুরস্কারে ভূষিত করা হয়। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় প্রাথমিক শিক্ষাসহ শিক্ষার গুণগতমানের উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন সম্পর্কিত সমস্যা মোকাবেলা, সমুদ্র ও সামুদ্রিক সম্পদের টেকসই ব্যবহার ও শান্তিপূর্ণ সমাজ বিনির্মাণে ইউনেস্কোর অঙ্গীকারের বিষয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন।

ইউনেস্কোর এ অধিবেশনে বাংলাদেশের ৬ সদস্যের প্রতিনিধির মধ্যে ছিলেন ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূত এম শাহিদুল ইসলাম এবং ইউনেস্কো বিষয়ক বাংলাদেশের জাতীয় কমিশনের সচিব মোঃ মঞ্জুর হোসেন। নির্বাহী বোর্ডের এ অধিবেশন ইউনেস্কোর মহাপরিচালক ইরিনা বোকোভার (Irina Bokova) সভাপতিত্বে গত ১২ অক্টোবর শুরু হয়েছে।


মোঃ তৌহিদুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫